

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

মেমো নম্বর-সআহক/ প্রিলিমিনারী টু মাস্টার্স রেজিস্ট্রেশন-২০১৬-১৭/২০১৮/ ২২৮৭ তারিখ : ২৯/১০/২০১৮ খ্রি.  
**২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ২য়  
পর্যায়ে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি**


সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া'য় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ২য় পর্যায়ে রেজিস্ট্রেশনের জন্য আবেদনকৃত শিক্ষার্থীদেরকে “শিওরক্যাশ” মোবাইল ব্যাংকিং-এ AHCAAF keyword এর মাধ্যমে Student ID তে নিজের ভর্তির রোলের অনুকূলে টাকা ১,১০০/- (এক হাজার একশত টাকা মাত্র) পরিশোধ করে নিজের মোবাইলে Transaction ID পাওয়া যাবে। অতঃপর সরকারি আজিজুল হক কলেজের ওয়েব সাইট- [www.ahcollege.gov.bd](http://www.ahcollege.gov.bd)-তে প্রবেশ করে online admission-এ ক্লিক করে নিজের মোবাইলে প্রাপ্ত Transaction ID ও রেজিস্ট্রেশনের জন্য আবেদনকৃত ফরমের Admission Roll দিয়ে প্রদর্শিত কোড Verify করে প্রাপ্ত Next-এ ক্লিক করে কলেজের ভর্তি ফরম পাওয়া যাবে। এই ফরম অনলাইনে পূরণপূর্বক প্রিন্ট নিতে হবে ও একটি ফটোকপি করতে হবে। প্রিন্টকৃত দু'টো ফরমই এবং ফটোকপি কলেজের ক্যাশ কাউন্টারে নিলে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্র ও ব্যবস্থাপনা ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা মাত্র) ফিসহ জমা দিয়ে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। এছাড়াও ২০১৬-২০১৭ শিক্ষা বর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ২য় পর্যায়ে রেজিস্ট্রেশন সংক্রান্ত সকল তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)-তে পাওয়া যাবে।

আবেদন ফরম জমার তারিখ : ৩০/১০/২০১৮ খ্রি. হতে ০৩/১১/২০১৮ খ্রি. পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)  
আবেদন ফরম জমার সময় : প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বেলা ০১:০০ টা পর্যন্ত

**প্রয়োজনীয় কাগজপত্র :**

- ১। জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত মূল ফরম দুটির সম্পূর্ণ কপি ১টি করে;
- ২। উক্ত ফরম দুটির ফটোকপি ২টি করে, ফরমের উপরে নিজের সক্রিয় মোবাইল নম্বর লিখতে হবে এবং সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ১ কপি করে লাগাতে হবে (ছবির পিছনে নিজের নাম এবং জাতীয় বিশ্ববিদ্যালয় ফরমের ভর্তি রোল লিখতে হবে)
- ৩। এস এস সি/সমমান, এইচ এস সি/সমমান পরীক্ষা পাশের মূল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ১টি করে;
- ৪। স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ১টি করে;
- ৫। স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি ১টি করে;
- ৬। সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মূল/সাময়িক সনদপত্র, নম্বরপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি ১টি করে;
- ৭। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ;
- ৮। প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে “শিক্ষা ছুটি দেয়া হবে” মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র;
- ৯। শিক্ষার্থীর নিজের ও পিতা-মাতা/অভিভাবকের (পিতার অবর্তমানে) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ০২ কপি।

\*\* বিঃ দ্রঃ শিওরক্যাশ অর্থ ট্রানজেকশন সার্ভিস চার্জ ১১/- (এগারো) টাকা মাত্র। (শিওরক্যাশ চার্জ ব্যতীত কোন এজেন্ট অতিরিক্ত টাকা নিলে তাৎক্ষণিক অভিযোগ করুন : ০৯৬০৬০৬০৬০৭ শিওরক্যাশ কল সেন্টার)।

  
২৯/১০/১৮  
প্রফেসর মোঃ শাহজাহান আলী (৪৯৯০)  
অধ্যক্ষ  
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া  
প্রফেসর মোঃ শাহজাহান আলী (৪৯৯০)  
অধ্যক্ষ  
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।